# প্রাইমারি স্কুলে শিক্ষকতার টেট পরীক্ষা

পরীক্ষা প্রস্তুতি

রাজ্যের প্রাথমিক স্কুলগুলিতে প্রথম থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত শিক্ষকতার জন্য অন্যান্য প্রয়োজনীয় যোগ্যতার সঙ্গে টেট পাশ হওয়া চাইই। পরীক্ষার প্রস্তুতি সহায়তার জন্য ধারাবাহিকভাবে দেওয়া হচ্ছে জীবিকা দিশারীর প্র্যাক্টিস সেট।

মোট ১৫০ নম্বরের লিখিত পরীক্ষা হবে। সময়সীমা দেড় ঘন্টা। ১৫০ নম্বরের মধ্যে ন্যূনতম ৬০ শতাংশ নম্বর পেলে প্রার্থীকে টেট উত্তীর্ণ বলে ঘোষণা করা হবে, সার্টিফিকেট দেওয়া হবে, যা বৈধ থাকবে ৩ বছর। সুতরাং ১৫০ নম্বরের মধ্যে কমপক্ষে ৯০ নম্বর পেতে হবে। সংরক্ষিত শ্রেণির জন্য টেট পাশের নম্বর ৫৫ শতাংশ। পরীক্ষার সিলেবাস প্রকাশিত না হলেও এনসিটিইর নিয়ম অনুযায়ী থাকবে চাইল্ড ডেভেলপমেন্ট ৩০ নম্বর, প্রথম ভাষা (বাংলা/হিন্দি/উর্দু/নেপালি/সাঁওতালি/ওড়িয়া/ তেলুগু– নির্ধারিত হবে সংশ্লিষ্ট স্কুলের ভাষামাধ্যম অনুযায়ী) ৩০ নম্বর, দ্বিতীয় ভাষা (ইংরেজি) ৩০ নম্বর, অঙ্ক ৩০ নম্বর এবং এনভায়রনমেন্টাল সায়েন্স ৩০ নম্বর। প্রথম ভাষা হিসাবে ইংরাজির কথা বলা হয়নি এবং সবার ক্ষেত্রেই দ্বিতীয় ভাষা হিসাবে ইংরাজি থাকতে হবে। পরীক্ষা হবে সারা রাজ্যে একইদিনে।

## শিশু মনস্তত্ত্ব ও শিক্ষাবিজ্ঞান

**১. নিম্নলিখিত কোনটি শিশু শিক্ষার ভিত্তি নয়?**
(ক) ইন্দ্রিয় অনুভূতি শিক্ষা (খ) পেশী ও অঙ্গ-প্রত্যঙ্গের সুসমন্বিত সঞ্চালনের শিক্ষা (গ) প্রকৃতির জগতে ব্যবহারিক শিক্ষা (ঘ) সুসংহত বৌদ্ধিক শিক্ষা

**২. শিশু শিক্ষার মূল উদ্দেশ্য কী?**
(ক) সুস্থ সবল ব্যক্তিত্ব গঠন (খ) ব্যবহারিক জীবনে প্রতিষ্ঠা (গ) আর্থিক জীবনে প্রতিষ্ঠা (ঘ) সামগ্রিক শিক্ষার উপযুক্ত পরিবেশ সৃষ্টি

**৩. শিশুশিক্ষা সম্পর্কে প্রাথমিক অনুসন্ধান কারা করেছিলেন?**
(ক) বার্লিংহাম ও অ্যানাফ্রয়েড (খ) ডেভিড ম্যাকমিলন ও ফ্লেমিং ম্যাকমিলন (গ) মন্তেসরি (ঘ) রুসো

**৪. শিক্ষায় কিন্ড বা উপহারের প্রবর্তন কে করেছিলেন?**
(ক) মন্তেসরি (খ) রুসো (গ) ফ্রয়বেল (ঘ) ভলতেয়ার

**৫. কিন্ডারগার্টেন শিক্ষার মূল নীতি কী?**
(ক) প্রয়োগপদ্ধতির মধ্যে দিয়ে আত্মপ্রকাশ (খ) দলবদ্ধভাবে শিক্ষাদান (গ) শিশুর কল্পনা বিস্তারে স্বাধীনতা (ঘ) খেলোয়াড় হিসাবে খেলার দাম

**৬. নার্সারি শিক্ষালয়ের প্রবর্তক কে?**
(ক) মাদাম কুরি (খ) ফ্রয়বেল (গ) ডিউই (ঘ) মার্গরেট ম্যাকমিলান ও র‍্যাচেল ম্যাকমিলান

**৭. মানুষের ইচ্ছার দ্বারা মস্তিষ্কের যে ক্রিয়া নিয়ন্ত্রিত হয় তাকে কী বলে?**
(ক) স্বয়ংক্রিয় চিন্তা (খ) বাস্তব চিন্তা (গ) বহির্মুখী চিন্তা (ঘ) অন্তর্মুখী চিন্তা

**৮. ব্যক্তি তাঁর জীবনকালের কোন স্তরে বিমূর্ত, সাধারণ এবং আধ্যাত্মিক চিন্তা করতে পারেন?**
(ক) প্রাক্ শৈশবকাল (খ) যৌবনকাল (গ) বয়ঃসন্ধিকাল (ঘ) গত শৈশবকাল

**৯. শিক্ষার্থীর সঙ্গে সম্পর্ক বাড়াতে হলে একজন শিক্ষকের কী করা উচিত?**
(ক) শিক্ষার্থীদের ভালোবাসা উচিত (খ) সকল শিক্ষার্থীদের বন্ধু হওয়া উচিত
(গ) শিক্ষার্থীদেরকে আলাদা-আলাদা ভাবে মনোযোগ দেওয়া উচিত
(ঘ) তাদের সঙ্গে যোগাযোগটা ভালো রাখা উচিত

**১০. শিক্ষার্থীদের মধ্যে নৈতিক মূল্যবোধ বাড়াতে হলে কী করা উচিত?**
(ক) নৈতিক মূল্যবোধ সম্পর্কিত কাজে উৎসাহিত করা (খ) বক্তৃতার আয়োজন করা
(গ) নৈতিক মূল্যবোধ সম্পর্কিত বিষয় প্রদর্শন করা উচিত (ঘ) কোনোটি সঠিক নয়

**উত্তর**
১. (ঘ) ২. (ক) ৩. (ক) ৪. (গ) ৫. (ক) ৬. (ঘ) ৭. (ক) ৮. (গ) ৯. (ঘ) ১০. (ক)

## প্রথম ভাষা: ভাষা

**১. ‘পিতা’ শব্দটি কোন ধরনের শব্দ?**
(ক) তৎসম (খ) অর্ধ তৎসম (গ) তদ্ভব (ঘ) দেশি

**২. নিচের কোন শব্দের বানান ঠিক?**
(ক) নিষ্ক্রিয় (খ) গড্ডালিকাপ্রবাহ (গ) পরিস্কার (ঘ) ব্যথা

**৩. নিচের কোনটি রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা নয়?**
(ক) নবান্ন (খ) শ্যামা (গ) শাপমোচন (ঘ) চিত্রাঙ্গদা

**৪. জিলাপি>জিলিপি– এটি কোন ধরনের ধ্বনি পরিবর্তন?**
(ক) অপিনিহিতি (খ) স্বরভক্তি (গ) স্বরসঙ্গতি
(ঘ) সমীকরণ

**৫. নিচের কোন শব্দের পাশে সঠিক শব্দার্থ লেখা নেই?**
(ক) ষোড়শী– ষোল বছর বয়স্কা নারী (খ) কপোল– কপাল (গ) আদ্যন্ত–আদি থেকে অন্ত (ঘ) বাতায়ন–জানালা

**৬. নিচের কোন শব্দের পাশে প্রতিশব্দ শব্দ লেখা নেই?**
(ক) দ্বেষ–হিংসা (খ) কুল–নদীতীর (গ) পাণি–হাত (ঘ) পরিচ্ছদ–পোশাক

**৭. নিচের কোন পদ পরিবর্তনটি সঠিক নয়?**
(ক) ঈশ্বর– ঐশ্বরিক (খ) বিচ্ছেদ–বিচ্ছিন্ন
(গ) গ্রাম্য– গেঁয়ো (ঘ) শরীর–শারীরিক

**৮. ‘নীল রঙের আকাশটা কতই না দূর!’ এটি হল–**
(ক) বিস্ময়সূচক বাক্য (খ) অনুজ্ঞাবাচক
(গ) অস্ত্যর্থক বাক্য (ঘ) নেতিবাচক বাক্য

**৯. ‘আবার আসিব ফিরে.........তীরে– এই বাংলায়’ শূন্যস্থান পূরণ করুন।**
(ক) জন্মভূমির (খ) ধানসিঁড়িটির (গ) জলঙ্গীর
(ঘ) নবান্নের

**১০. সুকুমার রায়ের ‘খিচুড়ি’ কবিতায় হাঁসের সঙ্গে কোন প্রাণীর দেহ মিলে অদ্ভুত জন্তু তৈরি হয়েছিল?**
(ক) তিমি (খ) হাতি (গ) বক (ঘ) সজারু

**উত্তর**
১. (ক) ২. (ঘ) ৩. (ক) ৪. (গ) ৫. (খ) ৬. (খ) ৭. (গ) ৮. (ক) ৯. (খ) ১০. (ঘ)

## SECOND LANGUAGE: ENGLISH

**Directions (Q 1-6): Fill in the blanks to make the sentences meaningfully complete.**

**1. The accused .......... to the judge for mercy.**
(a) asked (b) applied (c) demanded (d) appealed

**2. You must ......... your career with all seriousness.**
(a) pursue (b) direct (c) complete (d) follow

**3. I am feeling ......... better today.**
(a) too (b) quite (c) very (d) fairly

**4. Always attend .......... what your teachers say.**
(a) on (b) to (c) over (d) for

**5. She ..........the two candles in one breath.**
(a) put down (b) put up (c) put away (d) put out

**6. He stands ..........what he has done.**
(a) upon (b) for (c) on (d) at

**Direction (Q 7-9): Choose the word which can be substituted for the given phrase/sentence.**

**7. A poem written on the death of someone loved and lost.**
(a) Ode (b) Epic (c) Sonnet (d) Elegy

**8. A person who does not believe in any god.**
(a) Philatelist (b) Rationalist (c) Atheist
(d) Pagan

**9. One who cannot die.**
(a) Stable (b) Immortal (c) Perpetual
(d) Perennial

**ANSWERS**
1. (d) 2. (a) 3. (d) 4. (b) 5. (d) 6. (b) 7. (d) 8. (c) 9. (b)

## পরিবেশ বিদ্যা

**১. CFC– পুরো নাম হল–**
(ক) কার্বন ফ্লুরো কার্বন (খ) কার্বনিফেরাস কার্বন (গ) ক্লোরো ফ্লুরো কার্বন
(ঘ) ক্লোরিনেটেড কার্বন

**২. বায়ুতে আপেক্ষিক আর্দ্রতা মাপার যন্ত্রের নাম–**

(ক) হাইগ্রোমিটার (খ) হাইড্রোমিটার (গ) ভোল্টমিটার (ঘ) ল্যাক্টোমিটার

**৩. সাইক্লোনের ঘূর্ণির মধ্যাঞ্চলকে বলে–**

(ক) চোখ (খ) নাক (গ) মাথা (ঘ) হৃৎপিণ্ড

**৪. নিচের কোনটি বন্যা নিয়ন্ত্রণের পদ্ধতি?**

(ক) বনসৃজন (খ) মৃত্তিকা ক্ষয়রোধ (গ) বাঁধ নির্মাণ (ঘ) উপরের সবগুলি

**৫. ইন্ডিয়ান মেটিওরোলজিক্যাল ডিপার্টমেন্ট-এর রিপোর্ট অনুযায়ী কোনো অঞ্চলের বার্ষিক বৃষ্টিপাত স্বাভাবিকের থেকে কত শতাংশ কম হলে তাকে খরা বলা হবে?**

(ক) ২৫ শতাংশ (খ) ৫০ শতাংশ (গ) ৬০ শতাংশ (ঘ) ৭৫ শতাংশ

**৬. সরকারি তথ্য অনুযায়ী ভূপাল গ্যাস দুর্ঘটনায় মৃতের সংখ্যা কত?**

(ক) ২৫০০ (খ) ৫৯০০ (গ) ৬৭০০ (ঘ) প্রায় ১০০০০

**৭. 'এল নিনো' শব্দের অর্থ হল–**

(ক) ভয়াবহ বন্যা (খ) খরা (গ) ছোট্ট ছেলে (ঘ) তাপপ্রবাহ

**৮. কোন অঞ্চলে আয়নিত বায়ুর সঙ্গে সংঘর্ষে পৃথিবীর দিকে আগত উল্কাপিণ্ডগুলি ভস্মীভূত হয়?**

(ক) ট্রোপোস্ফিয়ার (খ) স্ট্র্যাটোস্ফিয়ার (গ) আয়নোস্ফিয়ার (ঘ) থার্মোস্ফিয়ার

**৯. আদি কোশের সৃষ্টি হয়েছিল–**

(ক) স্বাদুজলে (খ) স্থলে (গ) বায়ুতে (ঘ) সমুদ্রের জলে

**১০. কোনো একটি নির্দিষ্ট প্রাকৃতিক বৈশিষ্ট্য সম্পন্ন বিস্তীর্ণ অঞ্চল ও তাতে বসবাসকারী নির্দিষ্ট বৈশিষ্ট্য সম্পন্ন উদ্ভিদ ও প্রাণীর সমুদায়কে বলে–**

(ক) বায়োম (খ) নেকটন (গ) বিয়োজক (ঘ) বেন্থস

**উত্তর**

১. (গ) ২. (ক) ৩. (ক) ৪. (ঘ) ৫. (ঘ) ৬. (ক) ৭. (গ) ৮. (গ) ৯. (ঘ) ১০. (ক)

## অঙ্ক

**1. দুটি লঘু সালফিউরিক অ্যাসিডের দ্রবণে অ্যাসিডের পরিমাণ যথাক্রমে 80% ও 60%। এই দুটি লঘু অ্যাসিড কী অনুপাতে মেশানো হলে নতুন মিশ্রণে অ্যাসিডের পরিমাণ 75% হবে?**

(a) 3 : 1 (b) 2 : 1 (c) 4 : 1 (d) 5 : 1

**2. একটি জিনিসের বিক্রয়মূল্যের 4% তার ক্রয়মূল্যের 5%-এর সমান এবং বিক্রয়মূল্যের 20% ক্রয়মূল্যের 22% অপেক্ষা 120 টাকা অধিক। জিনিসটির ক্রয়মূল্য ও বিক্রয়মূল্য কত?**

(a) 3000 টাকা, 5000 টাকা (b) 4000 টাকা, 5000 টাকা (c) 2000 টাকা, 4000 টাকা (d) 3000 টাকা, 6000 টাকা

**ANSWERS**

**1. (a) সমাধান**: প্রথম লঘু সালফিউরিক অ্যাসিডে 80% অ্যাসিড ও জল 20%

দ্বিতীয় প্রকার সালফিউরিক অ্যাসিডে 60% অ্যাসিড ও জল 40%

মিশ্রণে 5% অ্যাসিড আছে অর্থাৎ জল আছে (100 – 75)% বা 25%

মনে করুন, প্রথম প্রকারের x লিটার ও দ্বিতীয় প্রকারের y লিটার মেশানো হয়েছে।

প্রথম প্রকারে x লিটারে অ্যাসিড $= x \times \frac{80}{100} = \frac{4x}{5}$ লিটার

x লিটারে জল $= x \times \frac{20}{100} = \frac{x}{5}$ লিটার

দ্বিতীয় প্রকারের y লিটারে অ্যাসিড $= y \times \frac{60}{100} = \frac{3y}{5}$ লিটার

y লিটারে জল $= y \times \frac{40}{100} = \frac{2y}{5}$ লিটার

$\therefore$ প্রশ্নানুসারে, $\left(\frac{4x}{5}+\frac{3y}{5}\right) : \left(\frac{x}{5}+\frac{2y}{5}\right) = 75 : 25$

বা, $\dfrac{\frac{4x}{5}+\frac{3y}{5}}{\frac{x}{5}+\frac{2y}{5}} = \frac{75}{25}$ বা, $\frac{4x+3y}{x+2y} = \frac{3}{1}$

বা, $3x + 6y = 4x + 3y$ বা, $3x - 4x = 3y - 6y$

বা, $x = 3y$ বা, $\frac{x}{y} = \frac{3}{1}$

$\therefore\ x : y = 3 : 1.$

$\therefore$ নির্ণেয় অনুপাত = 3 : 1.

2. (b) **সমাধান**: মনে করুন, জিনিসটির ক্রয়মূল্য = x টাকা এবং বিক্রয়মূল্য = y টাকা।

বিক্রয়মূল্যের 4% $= y \times \frac{4}{100} = \frac{y}{25}$ টাকা এবং ক্রয়মূল্যের 5% $= x \times \frac{5}{100} = \frac{x}{20}$ টাকা

প্রথম শর্তানুসারে, $\frac{y}{25} = \frac{x}{20}$

বা, $25x = 20y$

বা, $25x - 20y = 0$ ... (i)

আবার, বিক্রয়মূল্যের 20% $= y \times \frac{20}{100} = \frac{y}{5}$ টাকা এবং ক্রয়মূল্যের 22%

$= x \times \frac{22}{100} = \frac{11x}{50}$ টাকা

দ্বিতীয় শর্তানুসারে, $\frac{y}{5} - \frac{11x}{50} = 120$

বা, $10y - 11x = 6000$ .... (ii)

(i) নং ও (ii) নং সমীকরণ সমাধান করে পাই, x = 4000, y = 5000.

$\therefore$ জিনিসটির ক্রয়মূল্য ও বিক্রয়মূল্য যথাক্রমে 4000 টাকা ও 5000 টাকা।